## উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত উপজেলা স্ট্যান্ডিং কমিটির অক্টোবর-২০২১ মাসের সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মিসেস সাগরিকা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙামাটি |
| সভার তারিখ | : | ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও উপস্থিতি পরিশিষ্ট ক তে দেখানো হল:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা' অনুমোদন করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনার সার সংক্ষেপ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বীর মুক্তিযোদ্ধা সদস্যদের সম্মানী ভাতা রীতিমত প্রদান সংক্রান্ত আলোচনা। | বাঘাইছড়ি উপজেলায় সর্বমোট ভাতা ভোগী বীর মুক্তিযোদ্ধা সংখ্যা ২৪ তন্মধ্যে জীবিত ১২ জন এবং মৃত ১২ জন। ভাতা ভোগী বীর মুক্তিযোদ্ধাগণ যাহাতে ভাতা প্রাপ্তীর ক্ষেত্রে অসুবিধা না হয় সেদিকে সদয় দৃষ্টি রাখার জন্য উপজেলা সমাজ সেবা অফিসার ও ম্যানেজার, সোনালী ব্যাংক, বাঘাইছড়ি শাখাকে অনুরোধ করা হয়। | বাঘাইছড়ি উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগণ সম্মানী ভাতা প্রাপ্তীর ক্ষেত্রে যাহাতে হয়রানি না হয় সেদিকে সুদৃষ্টি প্রদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা সমাজ সেবা অফিসার, বাঘাইছড়ি ও ম্যানেজার, সোনালী ব্যাংক, বাঘাইছড়িকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বাঘাইছড়ি ও ম্যানেজার, বাঘাইছড়ি শাখা। |
| ২ | বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট কার্ড বিতরণ সংক্রান্ত আলোচনা | বাঘাইছড়ি উপজেলায় ২৪ জন বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট কার্ড বিতরণ বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে আগামী ১২/০৮/২০২২ খ্রি. তারিখ আনুষ্ঠিকভাবে বিতরণে করা হবে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট কার্ড বিতরণ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), বাঘাইছড়ি |
| ৩ | সুপারিশকৃত তালিকা হতে অধিকতর দু:স্থ ও অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার প্রদান সংক্রান্ত আলোচনা | রাঙ্গামাটি জেলাধীন বাঘাইছড়ি উপজেলায় আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ১২টি বীর নিবাস নির্মাণের জন্য উপজেলা অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা আবাসন বরাদ্দ কমিটি কর্তৃক অনুমোদিত /সুপারিশ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সুপারিশকৃত তালিকা হতে ১ম পর্যায়ে ১২টি বীর নিবাস অনুমোদন দেয়া হয়। ১ম কিস্তিতে ৩জন বীর মুক্তিযোদ্ধার অনুকূলে ৩টি ঘর অনুমোদন দেয়া হয় । অবশিষ্ট ৯টি অপেক্ষামান আছে। সুপারিশকৃত তালিকা হতে পুনরায় অধিকতর দু:স্থ ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রণয়ন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পূন: সুপারিশকৃত তালিকা হতে দু:স্থদের অগ্রাধিকার প্রদানের জন্য সুপারিশ করা হয় এবং এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সুপরিশকৃত ১২টি বীর নিবাসের অনুকূলে ১২ জন বীর মুক্তিযোদ্ধার প্রতিটি বাড়ি বাড়ি গিয়ে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরবর্তী ধাপে অবশিষ্ট ৯টি বীর নিবাস নির্মাণের জন্য দু:স্থ ও অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের অধিকতর অগ্রাধিকার প্রদানের জন্য ক্রমভিত্তিক তালিকা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বিবিধ | বিবিধ আলোচনায় সভাপতি অদ্যকার সভায় অর্পিত দায়িত্বসমূহ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া বীর মুক্তিযোদ্ধাদের সুযোগ সুবিধা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্টদের বিশেষভাবে অনুরোধ করেন। | অর্পিত দায়িত্ব পালনে সকলেই সচেষ্ট থাকবেন বলে ঐক্যমত ব্যক্ত করেন। | বিভাগী প্রধান সকল। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

( সাগরিকা চাকমা )
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মুক্তিযোদ্ধা সংক্রান্ত উপজেলা স্ট্যান্ডিং কমিটি
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- উপজেলা(বাঘাই-স্ট্যাডিং)/ রাঙ্গা- ২৮৩ তারিখ : ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ।

১। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। জেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। উপজেলা.................................................কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, সারোয়াতলী/ খেদারমারা/ বাঘাইছড়ি/ মারিশ্যা/ রুপকারী/বঙ্গালতলী/সাজেক/আমতলী ইউপি।
৭। জনাব.........................................................বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। অফিস কপি।

উপজেলা সমাজ সেবা অফিসার
ও
সদস্য সচিব
মুক্তিযোদ্ধা সংক্রান্ত উপজেলা স্ট্যান্ডিং কমিটি
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

পরিশিষ্ট- ক

<u>মুক্তিযোদ্ধা সংক্রান্ত অক্টোবর-২০২১ মাসের উপজেলা স্ট্যান্ডিং কমিটির উপস্থিতি</u> :

তারিখ : ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | জনাব— সাহাবুদ্দিন চেয়ারম্যান | সভাপতি | [signature] |
| ০২. | জনাব সন্তোষ কুমার চন্দ্র | সদস্য | [signature] |
| ০৩. | জনাব তুষার কান্তি চন্দ্র | সদস্য | [signature] |
| ০৪. | জনাব মো: কামাল চৌধুরী | সদস্য | [signature] |
| ০৫. | জনাব মো: মোজাম্মেল | সদস্য | [signature] |
| ০৬. | জনাব মো: আব্দুল মুকুর | সদস্য | [signature] |
| ০৭. | জনাব খুরশেদ আলম | সদস্য সচিব | [signature] |